



রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম

অধ্যক্ষের কার্যালয়

Website: www.ranguniacollege.edu.bd/ Email: info@ranguniacollege.edu.bd

স্মারক নং- ২০১৭/০৬২

তারিখ : ০৬ জুলাই, ২০১৭ইং

২০১৬ সালের ডিগ্রি (পাস) কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী ২০১৪-১৫ শিক্ষা বর্ষের ডিগ্রী (পাস) কোর্স ২য় বর্ষের ফরম পূরণ অনলাইনে সম্পন্ন করে নিচ লিখিত তারিখ সমূহে অফিসে জমা দিতে হবে।

১। বিএ নিয়মিত/অনিয়মিত শিক্ষার্থী ২০, ২৩ ও ২৪ জুলাই ২০১৭ খ্রি।

২। বিএসএস নিয়মিত/অনিয়মিত শিক্ষার্থী ২৫ ও ২৬ জুলাই ২০১৭ খ্রি।

৩। বিএসসি নিয়মিত/অনিয়মিত শিক্ষার্থী ২৭ ও ৩০ জুলাই ২০১৭ খ্রি।

৪। বিবিএস নিয়মিত/অনিয়মিত শিক্ষার্থী ১, ২ ও ৩ আগস্ট ২০১৭ খ্রি।

▶ অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য)

- পরীক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass)-এ গিয়ে Apply to online form Fillup (For Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।
- প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।
- ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারীকে নিজ দায়িত্বে স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।
- বাংলাদেশ কৃষি ব্যাংক, রাংগুনিয়া কলেজ শাখায় কলেজের সকল বকেয়া ও পরীক্ষার ফি জমাদানের রসিদের পিছনে কলেজ লাইব্রেরীর অনাপত্তি গ্রহণের পর আবেদন ফরম জমা দেওয়ার সময় তা অবশ্যই প্রদর্শন করতে হবে।

✎ পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর)

- ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৫ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৫ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে “বাংলা জাতীয় ভাষা” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।

খ) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৭০০ নম্বর)

- ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০১৪ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৫ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৪ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে “বাংলা জাতীয় ভাষা” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।

গ) অকৃতকার্য ও মানোন্নয়ন

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোন পত্র/কোর্সে C গ্রেড, D গ্রেড ও F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

অনুলিপি :

- সম্পাদক, শিক্ষক পরিষদ, রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম।
- অফিস প্রধান, কলেজের ওয়েবসাইটে প্রচারের জন্য।
- অফিস নথি।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ আবু ইউসুফ)

অধ্যক্ষ

রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম।